গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালা

২৪ শে অক্টোবর, ১৯৯৫

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং- শা:১১/বিবিধ-৫/৯৪/(অংশ-৬)/৩৯৬

তারিখ : ৯ই কার্তিক ১৪০২ বাং / ২৪শে অক্টোবর ১৯৯৫ ইং

## পরিপত্র

সরকার কর্তৃক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর কর্মরত শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ সুষ্ঠুভাবে বন্টন, উপযুক্ত জনবল কাঠামো প্রণয়ন ও এতদ্‌সংক্রান্ত পদ্ধতি সহজীকরণের জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হইল।

২। **নীতিমালার শিরনামা ঃ** এই নীতিমালা "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কে নীতিমালা" নামে অভিহিত হইবে।

৩। **নীতিমালার প্রয়োগ ঃ**

১) দেশের অভ্যন্তরে অবস্থিত নিম্নোক্ত স্বীকৃতি প্রাপ্ত বেসরকারী মাদ্রাসাসমূহের জন্য এই নীতিমালা প্রযোজ্য হইবে ঃ

(১) ফাজিল মাদ্রাসা;
(২) আলিম মাদ্রাসা;
(৩) দাখিল মাদ্রাসা।

২) নৈশকালীন বেসরকারী মাদ্রাসাসমূহ এর আওতা বহির্ভূত থাকিবে।

৪। **বেতন ভাতাদি'র সরকারী অংশ এবং ইহা প্রদানকারী কর্তৃপক্ষ ঃ** এই নীতিমালার অধীনে নির্ধারিত পদ্ধতিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে বেসরকারী মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ বাবদ প্রদেয় অংশ হিসাবে বরাদ্দকৃত অর্থ বন্টন করা হইবে। এই নীতিমালার অধীনে বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদানকারী কর্তৃপক্ষ বলিতে শিক্ষা মন্ত্রণালয় বা তৎকর্তৃক নির্ধারিত কোন কর্তৃপক্ষ বুঝাইবে।

৫। **বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলী ঃ** বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য দেশের অভ্যন্তরে অবস্থিত বেসরকারী মাদ্রাসাসমূহে শিক্ষক ও কর্মচারীদের নিম্নোক্ত আবশ্যকীয় শর্তাবলী পূরণ করিতে হইবে ঃ

১) **স্বীকৃতি ঃ** মাদ্রাসাকে অবশ্যই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতি প্রাপ্ত হইতে হইবে।

২) **নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো ঃ** এই নীতিমালার ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে মাদ্রাসাসমূহের কর্মরত শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত জনবল কাঠামো, যোগ্যতা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়োগ বিধি ও পদ্ধতি মোতাবেক নিয়োগপ্রাপ্ত হইতে হইবে।

৩) **ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ** মাদ্রাসাতে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রণীত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) স্বীকৃতি প্রবিধিমালা/নীতিমালা অনুযায়ী ন্যূনতম সংখ্যক শিক্ষার্থী থাকিতে হইবে।

৪) **পাঠ্যক্রম ও সহপাঠক্রমিক কার্যক্রম ঃ** মাদ্রাসাতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) স্বীকৃতি প্রবিধিমালা/নীতিমালা এর বর্ণনা মোতাবেক পাঠ্যক্রম ও সহপাঠক্রমিক কার্যক্রম চালু থাকিতে হইবে।

৫) **হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা ঃ** মাদ্রাসাতে সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কোন কর্তৃপক্ষের প্রদত্ত নির্দেশানুযায়ী হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা ব্যবস্থা চালু থাকিতে হইবে।

৬) **পরীক্ষার ফলাফল ঃ** এই নীতিমালার অনুচ্ছেদ ৬-এর বর্ণনামতে বেতন-ভাতাদি'র সরকারী অংশের জন্য আবেদনকারী মাদ্রাসাকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত পাবলিক পরীক্ষায় এবং শ্রেণী পরীক্ষায় পাশের নির্ধারিত ভাগ অর্জন করিতে হইবে।

৭) **ব্যবস্থাপনা কমিটি ঃ** মাদ্রাসাতে অবশ্যই বেসরকারী মাদ্রাসাসমূহের ব্যবস্থা কমিটি সম্পর্কিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রবিধিমালা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে।

৮) সময়ে সময়ে সরকার প্রদত্ত অন্য কোন নির্দেশনা থাকিলে সংশ্লিষ্ট মাদ্রাসাকে তাহা পালন করিতে হইবে।

৬। **পরীক্ষার ফলাফল ঃ**

১) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী মাদ্রাসাসমূহকে নিম্নোক্তভাবে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষায় ন্যূনতম ফলাফল অর্জন করিতে হইবে ঃ

| পরীক্ষার ধরণ | পাবলিক পরীক্ষার ফলাফল | | বার্ষিক পরীক্ষার পাশের ন্যূনতম হার |
|---|---|---|---|
| | উত্তীর্ণ শিক্ষার্থীর ন্যূনতম সংখ্যা | পাশের ন্যূনতম শতকরা হার | |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) ফাজিল পরীক্ষা | ৫ | ২০% | ৭০% |
| ২) আলিম পরীক্ষা | ৫ | ২০% | ৭০% |
| ৩) দাখিল পরীক্ষা | ৫ | ২০% | ৭০% |
| ৪) শ্রেণীসমূহের পরীক্ষা | - | - | ৮০% |

২) কোন বেসরকারী মাদ্রাসা বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির পর ৫ বৎসরের মধ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত পাবলিক পরীক্ষায় বোর্ডের বাৎসরিক পাসের হারের ৫০% ভাগ ফলাফল অর্জন এবং তৎপরবর্তী তা সংরক্ষণ করিতে হইবে।

৭। **নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো ঃ**

১) দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ)-এর শিক্ষক ও কর্মচারীদের অবশ্যই নিম্নোক্ত জনবল কাঠামো অনুযায়ী নিয়োজিত হইতে হইবে ঃ

| ক্রমিক নং | পদবী | মাদ্রাসা প্রতিষ্ঠান ভিত্তিক পদসংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | ফাজিল | আলিম | দাখিল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | অধ্যক্ষ | ১ | ১ | - |
| ২ | উপাধ্যক্ষ | ১ | - | - |
| ৩ | আরবী প্রভাষক | ৪ | ৩ | - |
| ৪ | প্রভাষক (সাধারণ) | ৩ | ৩ | - |
| ৫ | সুপারিনটেনডেন্ট | - | - | ১ |
| ৬ | সহকারী সুপারিনটেনডেন্ট | - | - | ১ |
| ৭ | সহকারী মৌলভী | ৩ | ৩ | ৩ |
| ৮ | সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | ২ | ২ | ২ |
| ৯ | সহকারী শিক্ষক (গণিত ও বিজ্ঞান) | ১ | ১ | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ | ১ | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (কম্পিউটার) কম্পিউটার শিক্ষা চালু থাকলে | ১ | ১ | ১ |
| ১২ | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | ১ | ১ | ১ |
| ১৩ | এবতেদায়ী প্রধান | ১ | ১ | ১ |
| ১৪ | জুনিয়র শিক্ষক | ১ | ১ | ১ |
| ১৫ | জুনিয়র মৌলভী | ১ | ১ | ১ |
| ১৬ | ক্বারী | ১ | ১ | ১ |
| ১৭ | সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার | ১ | - | - |
| ১৮ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ | - | - |
| ১৯ | নিম্নমান সহকারী | ১ | ১ | ১ |
| ২০ | এম.এল.এস.এস (গার্ড/মালী/ঝাড়ুদারসহ) | ৪ | ২ | ২ |
| ২১ | আয়া (কেবল মহিলা মাদ্রাসায়) | ১ | ১ | ১ |

২) যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান উপরোক্ত জনবলের অতিরিক্ত শিক্ষক ও কর্মচারী কর্মরত রাখিতে চাহে তা নির্ধারিত জনবলের অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি'র ১০০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।

৩) বেসরকারী মাদ্রাসাসমূহের সকল শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ ও চাকুরি বিধি অনুযায়ী নিয়োজিত এবং পরিশিষ্ট 'ক' তে সংযোজিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৪) ৬০ (ষাট) বৎসরের পরে পুণঃনিয়োগ প্রাপ্ত/চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইবেন না। তবে কেবলমাত্র ইংরেজী মাধ্যমে শিক্ষাপ্রাপ্ত ইংরেজী বিষয়ের শিক্ষকরূপে নিয়ামানুযায়ী চুক্তি ভিত্তিক/পূনঃনিয়োগ প্রাপ্ত হইলে ৬৫ বৎসর বয়স পর্যন্ত বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত হইবেন।

৫) কোন অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী বেসরকারী মাদ্রাসায় নিয়োগ লাভ করিলে তাঁহার পেনশন বাবদ প্রাপ্ত অর্থ বাদ দিয়া অবশিষ্ট অংশ (যদি থাকে) বেতন-ভাতাদি'র সরকারী অংশ রূপে পাইবেন।

৬) কোন পদে কর্মরতঃ কোন শিক্ষক/কর্মচারী তাঁহাদের প্রশিক্ষণ/উচ্চতর ডিগ্রী/অভিজ্ঞতার জন্য উচ্চতর স্কেল বা বর্ধিত বেতন পাওয়ার যোগ্য হইলে যোগ্যতা অর্জনের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের পর হইতে তাহার বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত হইবেন।

৭) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক/কর্মচারী একই সাথে একাধিক চাকুরীতে ও অর্থকরী পেশায় নিয়োজিত থাকিতে পারিবেন না।

**৮। দাখিল মাদ্রাসার জনবল কাঠামো ঃ**

১) উপরের ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে সাধারণভাবে একটি দাখিল মাদ্রাসায় বিষয় ভিত্তিক শিক্ষক নিয়োজিত থাকবেন। ১ জন সুপারিনটেনডেন্ট ও ১ জন সহকারী সুপারিনটেনডেন্ট নিয়োজিত থাকেন।

২) দাখিল মাদ্রাসায় বিজ্ঞান শিক্ষা চালু থাকলে ৭নং অনুচ্ছেদে বর্ণিত পদের অতিরিক্ত ১জন সহকারী শিক্ষক (বিজ্ঞান) নিয়োজিত হইবেন।

৩) দাখিল মাদ্রাসায় কম্পিউটার শিক্ষা চালু থাকলে ৭নং অনুচ্ছেদে বর্ণিত পদের অতিরিক্ত ১জন সহকারী শিক্ষক (কম্পিউটার) নিয়োজিত হইবেন।

৪) প্রতিটি দাখিল মাদ্রাসায় নির্ধারিত যোগ্যতাসম্পন্ন একজন কৃষি শিক্ষক ও একজন শরীরচর্চা শিক্ষক অবশ্যই থাকিতে হইবে।

**৯। আলিম মাদ্রাসার জনবল কাঠামো ঃ**

১) উপরের ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে সাধারণভাবে একটি আলিম মাদ্রাসায় বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োজিত থাকিবেন। ১ জন অধ্যক্ষ নিয়োজিত থাকিবেন। কোন উপাধ্যক্ষ ও সহকারী সুপারিনটেনডেন্ট পদ থাকিবে না।

২) প্রভাষক (সাধারণ) গ্রুপে বাংলা, ইংরেজী বিষয়ের জন্য অবশ্যই একজন করে প্রভাষক নিয়োজিত হইবেন। তাহাছাড়া কলা ও সমাজ বিজ্ঞান বিষয়/ গ্রুপের মধ্য হইতে একজন ঐচ্ছিক বিষয়ের প্রভাষক পদে নিয়োজিত হইবেন।

৩) আলিম মাদ্রাসায় সরকারের পূর্ব অনুমোদনক্রমে বিজ্ঞান বিষয় চালু থাকলে প্রতিটি অনুমোদিত বিষয়ের জন্য উপরের ৭নং অনুচ্ছেদে বর্ণিত পদের অতিরিক্ত ১জন করিয়া প্রভাষক নিয়োজিত হইবেন।

৪) আলিম মাদ্রাসায় কম্পিউটার বিষয় চালু থাকিলে ৭নং অনুচ্ছেদের বর্ণনামতে একজন সহকারী শিক্ষক (কম্পিউটার) নিয়োজিত হইবেন।

৫) যে সকল আলিম মাদ্রাসায় আলিম পর্যায়ে সহকারী মৌলানা পদ রহিয়াছে সে সকল পদ আরবী প্রভাষক পদে রূপান্তরিত হইবে। সহকারী মৌলানা পদধারী শিক্ষকগণ আরবী প্রভাষক পদের যোগ্যতা সম্পন্ন না হইলে তাঁহারা সহকারী মৌলানা রূপেই গণ্য হইবেন এবং তাহাদের পদ শূন্য হইলে ঐ পদ আরবী প্রভাষক পদে রূপান্তরিত হইবে।

৬) দাখিল মাদ্রাসা আলিম মাদ্রাসার পর্যায়ে উন্নীত হওয়ার পর দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্টের পদটি আরবী প্রভাষক বা উচ্চতর যোগ্য পদে সমন্বিত হইবে।

**১০। ফাজিল মাদ্রাসার জনবল কাঠামো ঃ**

(১) উপরের ৭নং অনুচ্ছেদের বর্ণনা মতে সাধারণভাবে একটি ফাজিল মাদ্রাসায় বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োজিত থাকিবেন। ১ জন অধ্যক্ষ ও ১ জন উপাধ্যক্ষ নিয়োজিত থাকিবেন।

(২) প্রতিটি ফাজিল মাদ্রাসায় অবশ্যই প্রতিটি সাধারণ বিষয় ও ঐচ্ছিক বিষয় এর জন্য নির্ধারিত সংখ্যক শিক্ষক থাকিতে হইবে। প্রভাষক (সাধারণ) গ্রুপে বাংলা ইংরেজী বিষয়ের জন্য অবশ্যই একজন করিয়া প্রভাষক নিয়োজিত হইবেন। তাছাড়া কলা ও সমাজ বিজ্ঞান বিষয়ে গ্রুপের মধ্যে হইতে একজন ঐচ্ছিক বিষয়ের প্রভাষক পদে নিয়োজিত হইবেন।

(৩) ফাজিল মাদ্রাসায় সরকারের পূর্ব অনুমোদনক্রমে বিজ্ঞান বিষয় চালু থাকিলে প্রতিটি অনুমোদিত বিষয়ের জন্য উপরের ৭নং অনুচ্ছেদে বর্ণিত পদের অতিরিক্ত ১জন করিয়া প্রভাষক নিয়োজিত হইবেন।

(৪) ফাজিল মাদ্রাসায় কম্পিউটার শিক্ষা চালু থাকিলে ৭নং অনুচ্ছেদের বর্ণনা মতে ১ জন সহকারী শিক্ষক (কম্পিউটার) নিয়োজিত হইবেন।

**১১। পদ সমন্বিতকরণ ঃ**

(১) এ নতুন জনবল কাঠামো জারীর পর বেতন-ভাতাদির সরকারী অংশ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট গ্রুপ ও পদবীর বিপরীতে নিয়োজিত শিক্ষক ও কর্মচারীদের পদায়ন করিতে হইবে।

(২) নতুন জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারীদের প্রাপ্যতা নির্ধারণের পর বেতন-ভাতাদির সরকারী অংশ প্রাপ্ত শিক্ষক ও কর্মচারীর সংখ্যা যদি প্রাপ্যতার অতিরিক্ত হয় তবে অতিরিক্ত পদসমূহ উদ্বৃত্ত পদ বলিয়া পরিগণিত হবে। এই ধরনের উদ্বৃত্ত পদে নিয়োজিত শিক্ষক/কর্মচারীর পদ শূন্য হইলে নতুনভাবে ঐ পদে আর লোক নিয়োগ করা যাবে না।

(৩) নতুন জনবল কাঠামো অনুযায়ী পদায়নের পর শূন্য পদ থাকিলে তাহাতে নতুন নিয়োগের ক্ষেত্রে চাকুরী বিধি এবং বিদ্যমান অন্যান্য বিধি-বিধান নিয়ম-অনুযায়ী নিয়োগ প্রদান করিতে হইবে।

**১২। শিক্ষকতার বিষয় নির্ধারণী ঃ**

(১) শিক্ষক মণ্ডলীকে তাহাদের মৌল বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে পাঠ দান করিতে হবে।

(২) শিক্ষকদের ক্লাশ/পিরিয়ড বিষয়ভিত্তিক ক্লাশের চাহিদানুযায়ী নিরূপিত হইবে। তাছাড়া প্রতি শিক্ষকের ন্যূনতম অপর ২টি বিষয়ে ক্লাশ নিবার দক্ষতা থাকিতে হইবে।

(৩) উচ্চতর স্তরের শিক্ষকদের প্রয়োজনানুযায়ী নিম্ন শ্রেণীরসমূহের ক্লাশ নিতে হইবে।

(৪) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ও অবশ্য অনুসরণীয় সহপাঠক্রমিক বিষয়ের ন্যূনতম একটি বিষয়ে দায়িত্ব পালন করিতে হবে।

**১৩। শিক্ষক ও কর্মচারীদের বেতন নির্ধারণ ঃ**

(১) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের পদবীওয়ারী শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনক্রম পরিশিষ্ট - 'ক' তে সংযুক্ত হলো।

(২) শিক্ষক ও কর্মচারীদের অভিজ্ঞতা তাঁহাদের বেতন ও ভাতাদির সরকারী অংশ প্রাপ্তির জন্য এম.পি. ও ভুক্তির তারিখ হইতে গণনা করা হইবে।

(৩) বর্তমানে নিয়োজিত এবং বেতন-ভাতাদির সরকারী অংশ প্রাপ্ত কোন শিক্ষক/কর্মচারী উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন না হইলে বর্তমান নীতিমালায় উল্লিখিত বেতন স্কেল প্রাপ্য হইবেন না। তাঁহাদের এই আদেশ জারীর ৫ (পাঁচ) বছরের মধ্যে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা অর্জন করিতে হবে।

(৪) যদি কোন শিক্ষক/কর্মচারী পরিশিষ্ট 'ক' তে বর্ণিত যোগ্যতা নির্ধারিত ৫ (পাঁচ) বৎসরের সময় সীমার মধ্যে অর্জনে ব্যর্থ হন তাহা হইলে তিনি যে স্তরে বেতন পাইতে ছিলেন সে স্তরেই তাঁহার বেতন নির্ধারিত হইবে।

**১৪। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ঃ**

বেতন ভাতাদির সরকারী অংশ প্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে কোন শিক্ষক/কর্মচারী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে নিয়োগের জন্য আবেদন করিলে তাহাকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হইবে । এইরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত হইবেন সেই শিক্ষা প্রতিষ্ঠান বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত হইলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র গ্রহণ এবং অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে তিনি সমহারে নুতন প্রতিষ্ঠানে

যোগদানের তারিখ হইতে বেতন ভাতাদির সরকারী অংশ প্রাপ্য হইবেন। তবে এক প্রতিষ্ঠান হইতে চাকুরী ত্যাগ করার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানকালীন সময়ের ব্যবধান ৬ (ছয়) মাসের অধিক হইলে উক্ত মেয়াদ অভিজ্ঞতার ক্ষেত্রে গণ্য হইবে না এবং এ সময়ের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান করা হইবে না।

**১৫। বেতন-ভাতাদি'র সরকারী অংশ ছাড়করণ পদ্ধতি ঃ**

(১) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য পরিশিষ্ট 'খ' তে সংযোজিত নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদিসহ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মাধ্যমে সরকারের নিকট আবেদন জানাইতে হইবে।

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আবেদনপত্র সংশ্লিষ্ট বিধি-বিধান ও নিয়মাবলীর আলোকে পরীক্ষান্তে শিক্ষা মন্ত্রণালয়ে পরিশিষ্ট 'গ'তে সংযোজিত নির্ধারিত বিবরণীতে মন্তব্য/সুপারিশসহ প্রেরণ করিবেন।

(৩) প্রতিটি মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীগণ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হারে বেতন-ভাতাদির সরকারী অংশ পাইবেন।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ ছাড় করিবেন এবং মাদ্রাসা কর্তৃপক্ষ উহা গ্রহণ ও বিতরণ করিবেন।

(৫) বেতন-ভাতাদি'র সরকারী অংশ বণ্টনের অনিয়মের জন্য মাদ্রসার ব্যবস্থাপনা কমিটি ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকিবেন।

**১৬। কমিটি ঃ**

(১) বেতন-ভাতাদির সরকারী অংশ সম্পর্কিত বিষয়াদির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে নিম্নোক্তভাবে বেতন-ভাতাদি'র সরকারী অংশ সম্পর্কিত কমিটি গঠিত হইবে :

| | | |
|---|---|---|
| (১) যুগ্ম-সচিব (প্রশাসন) | | সভাপতি |
| (২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর- | এর একজন পরিচালক | সদস্য |
| (৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর একজন প্রতিনিধি | | সদস্য |
| (৪) উপ-সচিব (বিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় | | সদস্য |
| (৫) উপ-সচিব (মাদ্রাসা শিক্ষা), শিক্ষা মন্ত্রণালয় | | সদস্য |
| (৬) পরিচালক, ব্যানবেইস, ঢাকা | | সদস্য |
| (৭) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব শাখা-৪, শিক্ষা মন্ত্রণালয় (সংশ্লিষ্ট)। | | সদস্য সচিব |

(২) কমিটি সরকারের বিদ্যমান নীতিমালা, নির্দেশনা, বাজেট বরাদ্দ ও বিধি-বিধানের আলোকে বেতন-ভাতাদির সহকারী অংশ প্রাপ্তির আবেদন পর্যালোচনান্তে সুপারিশ প্রণয়ন করিবে;

(৩) সংশ্লিষ্ট বিষয়ে সরকার প্রদত্ত অন্য কোন নির্দেশনা থাকিলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবে।

**১৭। বেতন-ভাতাদির সরকারী অংশ সাময়িকভাবে বন্ধ, কর্তন ও বাতিলকরণ ঃ**

(১) শিক্ষা মন্ত্রণালয় বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নিম্নোক্ত কারণে কোন বেসরকারী মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশের বরাদ্দ নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করিতে পারিবে :

(১) এ নীতিমালার ৫ (পাঁচ) নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করিলে;

(২) সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা ও বিধি-বিধান লঙ্ঘন করিলে;

(৩) ভূয়া তথ্য প্রদান, ভূয়া শিক্ষক নিয়োগ, ভূয়া ছাত্র/শাখা প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং বোর্ডের আপীল ও আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করিলে;

(৪) শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষের নিরীক্ষা ও তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত অনিয়মের কারণে।

(২) উপযুক্ত ক্ষেত্রে বিবেচনায় সরকারের নির্দেশমতে সম্পূর্ণ বন্ধ, কর্তন ও বাতিল এক বা একাধিক শিক্ষক ও কর্মচারী কিংবা সম্পূর্ণভাবে এক বা একাধিক মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য হইতে পারিবে।

(৩) বন্ধ করা বেতন-ভাতাদির সরকারী অংশের কোন বকেয়া প্রদান করা হইবে না।

(৪) কোন শিক্ষক ও কর্মচারী/ভূয়া প্রতিষ্ঠানের বেতন-ভাতাদির সরকারী অংশের প্রদান উল্লিখিত কারণে সম্পূর্ণরূপে বাতিল করা হইলে তাহাকে/প্রতিষ্ঠানকে পুনরায় বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান করা হইবে না ।

(৫) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের নিরীক্ষা ও তদন্ত প্রতিবেদনে উল্লিখিত অনিয়ম ও ত্রুটি দূরীকরণ এবং আরোপিত শর্তাদি (যদি থাকে) পূরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক বা কর্মচারীকে ৩ (তিন) মাসের সময় প্রদান করা যাইবে, ব্যর্থতায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে ।

১৮ । আপীল ঃ

কোন মাদ্রাসা বা শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী সরকারী অংশ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে সরকারের নিকট আপীল করা যাবে :

(১) সংশ্লিষ্ট মাদ্রাসার প্রধান বা শিক্ষক ও কর্মচারী কর্তৃক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর নিকট উপযুক্ত কারণ ও প্রমাণাদি সহকারে ৩ (তিন) মাসের মধ্যে আবেদন জানাইতে হইবে ।

(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ইহা পরীক্ষান্তে মতামতসহ শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন ।

(৩) আপীল সম্পর্কিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী বিষয়টি চূড়ান্তভাবে নিষ্পত্তির জন্য সুপারিশ প্রদান করিবে :

| | |
|---|---|
| (১) উপ-সচিব (সংশ্লিষ্ট) শিক্ষা মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) পরিদর্শন ও হিসাব নিরীক্ষা পরিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | - সদস্য |
| (৪) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রতিনিধি | - সদস্য |
| (৫) সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা) | - সদস্য |
| (৬) সিনিয়র সহকারী সচিব, শাখা-৪, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য সচিব |

৪) উক্ত কমিটির সুপারিশ পর্যালোচনান্তে শিক্ষা মন্ত্রণালয় বিষয়টি নিস্পত্তি করিবে ।

**১৯ । রহিতকরণ ঃ**

এ নীতিমালা কার্যকর হইবার পূর্বে জারীকৃত শিক্ষা মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত সকল আদেশ ও নীতিমালায় বর্ণিত বেসরকারী মাদ্রাসার বেতন ভাতাদি'র সরকারী অংশ ও জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হইবে ।

**২০ । নীতিমালার কার্যকারিতা ঃ**

এ নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হইবে :

(১) এ নীতিমালা কার্যকর হইবার পূর্বে বলবৎ বিধি-বিধান, নীতিমালা অনুযায়ী কোন মাদ্রাসার শিক্ষক ও কর্মচারী নিয়োজিত হইলে, কর্মরত থাকিলে ও বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইলে তাহাদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান অব্যাহত থাকিবে ।

(২) এ নীতিমালা অবলম্বে কার্যকর হইবে ।

**২১ । ব্যাখ্যা ঃ**

বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালার কোন ব্যাখ্যার প্রয়োজন হইলে সরকারের নিকট হইতে তাহা গ্রহণ করিতে হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বা/-
(মোঃ ইরশাদুল হক)
সচিব ।

বিতরণ ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/রূপালী ব্যাংক।
৫। চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ............................................ (সকল)।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। চেয়ারম্যান, এন.সি.টি.বি, মতিঝিল, ঢাকা।
৯। মহাপরিচালক, নায়েম, ঢাকা।
১০। পরিচালক, ফ্যাসিলিটিস ডিপার্টমেন্ট, ঢাকা।
১১। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। পরিচালক (উচ্চ শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, ঢাকা।
১৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
১৫। কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ............................................ (সকল)।
১৬। বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ............................................ (সকল)।
১৭। মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
---------------------------------------------------------------- অঞ্চল (সকল)।
১৯। জেলা প্রশাসক, ---------------------------------------------------------- (সকল)।

নং- শা:১১/বিবিধ-৫/৯৪/(অংশ-৬)/৩৯৬

তারিখ : ৯ই কার্তিক ১৪০২ বাং / ২৪শে অক্টোবর ১৯৯৫ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। অধ্যক্ষ/সুপারিন্টেন্ডেন্ট, ----------------------------------------------।
২। শিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা শিক্ষা কর্মকর্তা ---------------------------------------- (সকল)।
৪। থানা নির্বাহী কর্মকর্তা ------------------------------------- (সকল)।
৫। ------------------------------------------------------------।

স্বা:/-
(সৈয়দ জগলুল পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২৩৫১১১/৩৯৮৮

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসাসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের জন্য নিয়োগ যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল

| পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

ফাজিল মাদ্রাসা

| | | | | |
|---|---|---|---|---|
| ১। অধ্যক্ষ | **সরাসরি/পদোন্নতি**<br>১) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ অথবা দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ আরবী/ইসলামিক স্টাডিজে দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী<br>অথবা<br>২) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ বিদেশী বিশ্ববিদ্যালয়ের আরবী ভাষার উপর ডিগ্রী এবং সকল পরীক্ষায় ২য় বিভাগ | ১) কামিল/ফাজিল মাদ্রাসায় প্রশাসনিক<br>অথবা<br>মুহাদ্দিস/মুফাসসির / ফকীহ/ আদীব পদে অথবা সহকারী অধ্যাপক পদে ১০ বছরের অভিজ্ঞতা;<br>অথবা,<br>২) আলিম মাদ্রাসায় অধ্যক্ষ হিসেবে ১০ বছরের অভিজ্ঞতা | ৬৩০০/-<br>৮০৫০/- | |
| ২। উপাধ্যক্ষ | **সরাসরি/পদোন্নতি**<br>দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ অথবা দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ বিদেশী বিশ্ববিদ্যালয়ের আরবী ভাষায় উপর ডিগ্রী এবং সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | ফাজিল/ কামিল স্তরের মাদ্রাসায় প্রভাষক পদে ৬ বৎসরের অভিজ্ঞতা অথবা আলিম মাদ্রাসায় অধ্যক্ষ পদের ৭ বৎসরের অভিজ্ঞতা। | ৪৮০০/-<br>৭২৫০/- | |
| ৩। প্রভাষক (আরবী) | **সরাসরি**<br>কামিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী / বিভাগ থাকিতে হইবে। | | ২৮৫০/-<br>৫১৫৫/- | |
| ৪। প্রভাষক (সাধারণ) / প্রভাষক (বিজ্ঞান) | **সরাসরি**<br>সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী / বিভাগ থাকিতে হইবে। | | ২৮৫০/-<br>৫১৫৫/- | |
| ৫। সহকারী মৌলভী | **সরাসরি**<br>ফাজিল ২য় বিভাগ সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১৭২৫/-<br>৩৭২৫/- | |
| ৬। সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান | **সরাসরি**<br>১) সংশ্লিষ্ট বিভাগে স্নাতকসহ বি-এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী / বিভাগ থাকিতে হইবে।<br>(২) সংশ্লিষ্ট বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় শ্রেণী / বিভাগ থাকিতে হইবে। | | ১) ২৩০০-৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৭। সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ | **সরাসরি**<br>১) বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বি-এড। সকল পরীক্ষায় ২য় | | ১) ২৩০০-৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫ | |

০.১৯৯৫

তা,

মন্তব্য

৫



| | | | | |
|---|---|---|---|---|
| বিজ্ঞান) | শ্রেণী/বিভাগ ।<br>২) বিজ্ঞান বিভাগে স্নাতক । সকল পরীক্ষায় ২য় শ্রেণী / বিভাগ থাকিতে হইবে । | | | |
| ৮ । সহকারী শিক্ষক (কৃষি) | **সরাসরি**<br>যে কোন একটি :<br>১) বি.এস-সি (কৃষি)<br>২) বি.এস-সি (কৃষি অর্থনীতি)<br>৩) বি.এস-সি (মৎস)<br>৪) বি.এস-সি (পশুপালন)<br>৫) বি.এস-সি (কৃষি প্রকৌশলী):<br>৬) ডি ভি এম;<br>৭) বি.এস-সি (বায়োলজী)<br>৮) বি.এস-সি উদ্ভিদ বিদ্যা/প্রাণী বিদ্যা / মৃত্তিকা বিজ্ঞান;<br>৯) কৃষি ডিপ্লোমা ৩ বৎসর মেয়াদী | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ না থাকিলে) | |
| ৯ । সহকারী শিক্ষক (কম্পিউটার) (সরকারী নিয়মানুযায়ী) কম্পিউটার শিক্ষা চালু থাকিলে) | **সরাসরি**<br>স্নাতক ২য় শ্রেণীসহ । নট্রামস বা সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার কোর্সের প্রশিক্ষণপ্রাপ্ত । | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় বিভাগ /শ্রেণী থাকিলে) । | |
| ১০ । সহকারী শিক্ষক (শরীর চর্চা) | **সরাসরি**<br>১) স্নাতকসহ বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । অথবা<br>২) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় শ্রেণী /বিভাগ থাকিতে হইবে । | | ১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ / শ্রেণী না থাকিলে) | |
| ১১ । ইবতেদায়ী প্রধান | **সরাসরি**<br>ফাজিল ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১৩০০-২৬১৫/- | |
| ১২ । জুনিয়র মৌলভী | **সরাসরি**<br>আলিম ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫ । | |
| ১৩ । জুনিয়র শিক্ষক (সাধারণ) | **সরাসরি**<br>উচ্চ মাধ্যমিক ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগথাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫ । | |
| ১৪ । ইবতেদায়ী ক্বারী । | **সরাসরি**<br>২য় বিভাগে দাখিল মুজাব্বিদ | | ১২০০-২৩৩৫/- | |
| ১৫ । সহকারী গ্রন্থাগারিক / ক্যাটালগার | **সরাসরি**<br>২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ গ্রন্থগার বিজ্ঞানের ডিপ্লোমা এবং সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগথাকিতে হইবে । | | ২৩০০-৪৪৮০/- | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩য় শ্রেণীর কর্মচারী | | | | |
| ১৬। অফিস সহকারী কাম হিসাব সহকারী | সরাসরি<br>উচ্চ মাধ্যমিক (বাণিজ্য)। সকল পরীক্ষায় ২য় বিভাগ। | | ১২০০-২৩৩৫/- | |
| ১৭। নিম্নমান সহকারী | সরাসরি<br>আলিম/উচ্চ মাধ্যমিক।<br>সকল পরীক্ষায় ২য় বিভাগ | | ১২০০-২৩৩৫/- | |
| ৪র্থ শ্রেণীর কর্মচারি<br>১৮।<br>এম.এল.এস. এস | সরাসরি<br>জুনিয়র দাখিল / ৮ম শ্রেণী | | ৯০০-১৫৩০/- | |
| ১৯। আয়া ( কেবলমাত্র বালিকা মাদ্রাসার ক্ষেত্রে) | সরাসরি<br>জুনিয়র দাখিল পাশ/৮ম শ্রেণী পাস | | ৯০০-১৫৩০/- | |

| পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| আলিম মাদ্রাসা<br>১। অধ্যক্ষ | সরাসরি/ পদোন্নতি<br>প্রথম শ্রেণীর কামিল ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ অথবা দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রীসহ আরবী/ ইসলামিক স্টাডিজে দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ। | দাখিল মাদ্রাসায় ৮ বছরের প্রশাসনিক অভিজ্ঞতা অথবা মাদ্রাসায় প্রভাষক পদে ৮ বছরের অভিজ্ঞতা | ৪১০০-৬৫০০/- | |
| ২। প্রভাষক | সরাসরি<br>কামিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী /বিভাগ থাকিতে হইবে | | ২৮৫০-৫১৫৫/- | |
| ৩। প্রভাষক (সাধারণ/ প্রভাষক (বিজ্ঞান) | সরাসরি<br>সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী /বিভাগ থাকিতে হইবে | | ২৮৫০-৫১৫৫/- | |
| ৪। সহকারী মৌলভী | সরাসরি<br>ফাজিল ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে | | ১৭২৫-৩৭২৫/- | |
| ৫। সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | সরাসরি<br>১) সংশ্লিষ্ট বিভাগে স্নাতকসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় বিভাগথাকিতে হইবে।।<br>২) সংশ্লিষ্ট বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় বিভাগ/ শ্রেণী থাকিতে হইবে | | ১) ২৩০০-৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৬। সহকারী | সরাসরি | | ১) ২৩০০- | |

| | | | | |
|---|---|---|---|---|
| শিক্ষক (গণিত ও বিজ্ঞান) | ১) বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বি.এড । সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে ।<br>২) বিজ্ঞান বিভাগের স্নাতক । সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে | | ৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৭ । সহকারী শিক্ষক (কৃষি) | **সরাসরি**<br>যেকোনো একটি :<br>১) বি.এস-সি (কৃষি)<br>২) বি.এস-সি (কৃষি অর্থনীতি)<br>৩) বি.এস-সি (মৎস)<br>৪) বি.এস-সি (পশুপালন)<br>৫) বি.এস-সি (কৃষি প্রকৌশলী):<br>৬) ডি ভি এম;<br>৭) বি.এস-সি (বায়োলজী)<br>৮) বি.এস-সি (উদ্ভিদ বিদ্যা/প্রাণী বিদ্যা / মৃত্তিকা বিজ্ঞান);<br>৯) কৃষি ডিপ্লোমা ৩ বৎসর মেয়াদী | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ না থাকলে) | |
| ৮ । সহকারী শিক্ষক (কম্পিউটার) (সরকারী নিয়মানুযায়ী) কম্পিউটার শিক্ষা চালু থাকিলে) | **সরাসরি**<br>স্নাতক ২য় শ্রেণীসহ । নট্রামস বা সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত । | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় বিভাগ /শ্রেণী থাকলে) । | |
| ৯ । সহকারী শিক্ষক (শরীর চর্চা) | **সরাসরি**<br>১) স্নাতকসহ বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে<br>অথবা<br>২) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/ বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী থাকলে) | |
| ১০ । ইবতেদায়ী প্রধান | **সরাসরি**<br>ফাজিল ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১৩০০-২৬১৫/- | |
| ১১ । জুনিয়র মৌলভী | **সরাসরি**<br>আলিম ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫ । | |
| ১২ । জুনিয়র শিক্ষক | **সরাসরি**<br>উচ্চ মাধ্যমিক ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫/- | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। ইবতেদায়ী ক্বারী | সরাসরি<br>২য় বিভাগে দাখিল মুজব্বিদ | | ১২০০-২৩৩৫/- | |
| ৩য় শ্রেণীর কর্মচারী<br>১৪। নিম্নমান সহকারী | সরাসরি<br>আলিম/উচ্চ মাধ্যমিক। সকল পরীক্ষায় ২য় বিভাগ | | ১২০০-২৩৩৫/- | |
| ৪র্থ শ্রেণীর কর্মচারী<br>১৫। এম.এল.এস.এস | সরাসরি<br>জুনিয়র দাখিল / ৮ম শ্রেণী | | ৯০০-১৫৩০/- | |
| ১৬। আয়া (কেবলমাত্র বালিকা মাদ্রাসার ক্ষেত্রে) | সরাসরি<br>জুনিয়র দাখিল পাস /৮ম শ্রেণী পাস | | ৯০০-১৫৩০/- | |

| পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

দাখিল মাদ্রাসা

| | | | | |
|---|---|---|---|---|
| ১। সুপারিনটেনডেন্ট | সরাসরি/ পদোন্নতি<br>ফাজিল ২য় শ্রেণী সহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | দাখিল মাদ্রাসায় কমপক্ষে ১০ বৎসরের শিক্ষকতা/ প্রশাসনিক অভিজ্ঞতা | ২৮৫০-৫১৫৫/- | |
| ২। সহকারী সুপারিনটেনডেন্ট | সরাসরি/ পদোন্নতি<br>কামিল ২য় শ্রেণী সহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | দাখিল মাদ্রাসায় কমপক্ষে ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ২৩০০-৩৭২৫/- | |
| ৩। সহকারী মৌলভী | সরাসরি<br>ফাজিল ২য় বিভাগ সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে।। | | ১৭২৫-৩৭২৫/- | |
| ৪। সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) | সরাসরি<br>১) সংশ্লিষ্ট বিভাগে স্নাতকসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে।<br>২) সংশ্লিষ্ট বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১) ২৩০০-৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৫। সহকারী শিক্ষক (গণিত ও বিজ্ঞান) | সরাসরি<br>১) বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে।।<br>২) বিজ্ঞান বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১) ২৩০০-৪৪৮০/-<br>২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৬। সহকারী শিক্ষক (কৃষি) | সরাসরি<br>যে কোনো একটি:<br>১) বি.এস-সি (কৃষি)<br>২) বি.এস-সি (কৃষি অর্থনীতি)<br>৩) বি.এস-সি (মৎস)<br>৪) বি.এস-সি (পশুপালন) | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৫) বি.এস-সি (কৃষি প্রকৌশলী):<br>৬) ডি ভি এম;<br>৭) বি.এস-সি (বায়োলজী)<br>৮) বি.এস-সি (উদ্ভিদ বিদ্যা/প্রাণী বিদ্যা / মৃত্তিকা বিজ্ঞান);<br>৯) কৃষি ডিপ্লোমা ৩ বৎসর মেয়াদী | | পরীক্ষায় ২য় বিভাগ না থাকলে) | |
| ৭। সহকারী শিক্ষক (কম্পিউটার) (সরকারী নিয়মানুযায়ী) কম্পিউটার শিক্ষা প্রবর্তিত হলে) | সরাসরি<br>স্নাতক ২য় শ্রেণীসহ। নট্রামস বা সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। | | ১) ২৩০০-৪৪৮০/- সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় শ্রেণী থাকলে)। | |
| ৮। সহকারী শিক্ষক (শরীর চর্চা) | সরাসরি<br>১) স্নাতকসহ বি.পি.এড প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। অথবা<br>২) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় বিভাগ থাকিতে হইবে। | | ১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকলে)<br>২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী না থাকলে) | |
| ৯। ইবতেদায়ী প্রধান | সরাসরি<br>ফাজিল ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১৩০০-২৬১৫/- | |
| ১০। জুনিয়র মৌলভী | সরাসরি<br>আলিম ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১২০০-২৩৩৫। | |
| ১১। জুনিয়র শিক্ষক | সরাসরি<br>উচ্চ মাধ্যমিক ২য় বিভাগসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১২০০-২৩৩৫/- | |
| ১২। ইবতেদায়ী ক্বারী | সরাসরি<br>২য় বিভাগে দাখিল মুজব্বিদ। | | ১২০০-২৩৩৫/- | |
| **৩য় শ্রেণীর কর্মচারী**<br>১৩। নিম্নমান সহকারী | আলিম/উচ্চ মাধ্যমিক। সকল পরীক্ষায় ২য় বিভাগ | | ১২০০-২৩৩৫/- | |
| **৪র্থ শ্রেণীর কর্মচারী**<br>১৪। এম.এল.এস.এস | সরাসরি<br>জুনিয়র দাখিল / ৮ম শ্রেণী | | ৯০০-১৫৩০/- | |
| ১৫'। আয়া (কেবলমাত্র বালিকা মাদ্রাসার ক্ষেত্রে) | সরাসরি<br>জুনিয়র দাখিল পাস / ৮ম শ্রেণী | | ৯০০-১৫৩০/- | |

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা ০৪.০২.২০১০ এবং সংশোধনী ২৭.০৮.২০১২ (আগস্ট, ২০১২ পর্যন্ত সংশোধিত), ৩০.০৯.২০১২ এবং সর্বশেষ সংশোধনী ২৪.০৩.২০১৩ পরিপত্রগুলো অধ্যায় ২ এ ধারাবাহিকভাবে লিপিবদ্ধ আছে।